33T MBEN

# 2023

# BENGALI

## (MODERN INDIAN LANGUAGE)

## (NEW & Old COURSE)

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

*The figures in the margin indicate full marks for the questions.*

| GROUP–A (NEW COURSE) | |
|---|---|
| Page Nos. 2 – 6 | Q. Nos. 1 – 11 |
| **GROUP–B (OLD COURSE)** | |
| Page Nos. 7 – 11 | Q. Nos. 1 – 11 |

**NEW COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No.* 1 *carries* 1 *mark each* | | 1+1=2 |
| *Q. No.* 2 *carries* 1 *mark each* | | 1×10=10 |
| *Q. No.* 3 *carries* 2 *marks each* | | 2+2=4 |
| *Q. No.* 4 *carries* 3 *marks each* | | 3+3=6 |
| *Q. No.* 5 *carries* 3 *marks each* | | 3×4=12 |
| *Q. No.* 6 *carries* 3 *marks each* | | 3×3=9 |
| *Q. No.* 7 **(a+b)** *carries* 4 *marks each* | | 4×2=8 |
| *Q. No.* 8 **(a+b)** *carries* 9 *marks* | | 4+5=9 |
| *Q. No.* 9 *carries the following marks* | | |
| | (a) | 1×5=5 |
| | (b) | 1×5=5 |
| *Q. No.* 10 *carries the following marks* | | |
| | (a) | 1×4=4 |
| | (b) | 2×4=8 |
| | (c) | 2×3=6 |
| | (d) | 1×2=2 |
| *Q. No.* 11 *carries* 10 *marks* | | 1×10=10 |
| | | Total = 100 |

**OLD COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No.* 1 *carries* 1 *mark each* | | 1+1=2 |
| *Q. No.* 2 *carries* 1 *mark each* | | 1×8=8 |
| *Q. No.* 3 *carries* 2 *marks each* | | 2+2=4 |
| *Q. No.* 4 *carries* 3 *marks each* | | 3×3=9 |
| *Q. No.* 5 *carries* 3 *marks each* | | 3×2=6 |
| *Q. No.* 6 *carries* 4 *marks each* | | 4×2=8 |
| *Q. No.* 7 **(a+b)** *carries* 9 *marks* | | 4+5=9 |
| *Q. No.* 8 **(a+b)** *carries* 9 *marks* | | 4+5=9 |
| *Q. No.* 9 *carries the following marks* | | |
| | (a) | 1×4=4 |
| | (b) | 2×3=6 |
| | (c) | 1×4=4 |
| | (d) | 2×2=4 |
| | (e) | 1+1=2 |
| *Q. No.* 10 *carries* 15 *marks* | | 1×15=15 |
| *Q. No.* 11 *carries* 10 *marks* | | 1×10=10 |
| | | Total = 100 |

*Contd.*

## GROUP–A

**( For New Course )**

১। অর্থ লেখো ঃ

১+১=২

(ক) কোকনদ *অথবা* আজান

(খ) মোসায়েব *অথবা* পাণ্ডুর।

২। অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ

১×১০=১০

(ক) 'শিখই ভুজগ গুরু পাশে' — 'ভুজগ গুরু' বলতে কী বোঝো?

(খ) 'হে বঙ্গ, —— তব বিবিধ রতন'। (শূন্যস্থান পূর্ণ করো)।

(গ) রথ থেকে নেমে রাজাধিরাজ ভিখারিকে কী বলেছিলেন?

(ঘ) 'তোমার টাঙ্গাইল আমার ধনেখালি'—এখানে 'টাঙ্গাইল' বলতে কী বোঝানো হয়েছে?

(ঙ) গোলাবের বিয়েতে 'নিতবর' কে হয়েছিল?

(চ) লক্ষ্মীনাথ বেজবরুয়ার আত্মজীবনীটির নাম কী?

(ছ) রামচরণ মণ্ডল স্কুলকে কোন্ শব্দে প্রকাশ করেছিলেন?

(জ) উচ্ছবের প্রকৃত নাম কী?

(ঝ) "মূল্যবোধ কোনো —— গুণ নয়"। (শূন্যস্থান পূর্ণ করো)

(ঞ) 'আন্তঃরাষ্ট্রীয় শিক্ষা আয়োগ' কোন্ শিক্ষাকে 'জীবনের সন্ধিক্ষণ' বলে অভিহিত করেছে?

৩। সংক্ষেপে লেখো ঃ

২+২=৪

(ক) রবীন্দ্রনাথ হিন্দুমেলায় গাছের তলায় দাঁড়িয়ে কী পড়েছিলেন? শ্রোতাদের মধ্যে কোন্ বিখ্যাত ব্যক্তি উপস্থিত ছিলেন?

(খ) "আপনাদের এইটুকু বাসায় ওকে রাখেন কোথায়?"— কে, কাকে এই প্রশ্ন করেন?



৩+৩=৬

৪। টীকা লেখো ঃ

(ক) অন্নপূর্ণা *অথবা* বাউল

(খ) শ্রীমন্তশংকরদেব *অথবা* প্রশান্ত মহাসাগর

৩×৪=১২

৫। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) "আজিকালি ফুটিবে।"— কে, কাকে বলেছে? কথাটির নিহিতার্থ কী?

(খ) 'আমার জীবনস্মৃতি' পাঠটির আধারে সেকালে অসমে বাংলা ভাষা-সংস্কৃতির প্রভাব কীভাবে পড়েছিল, তার সামান্য পরিচয় তুলে ধরো।

(গ) "উভয় মাস্টারের পরস্পরের প্রতি এই তীব্র অপবাদ প্রয়োগের ফলে এই হইল, উভয় গ্রামই স্ব স্ব মাস্টারের অসাধারণ পাণ্ডিত্য সম্বন্ধে সন্দিহান হইয়া উঠিল —"

(অ) 'উভয় মাস্টার কে কে?

(আ) 'উভয় গ্রাম' কোন্ কোন্ গ্রাম?

(ঘ) "ছেলের আমার এতক্ষণে হাসি ফুটেছে।" বক্তা কে? ছেলের মুখে হাসি ফোটার কারণ কী?

(ঙ) "কিন্তু সাগরেও শিশির পড়ে"— প্রসঙ্গটির ব্যাখ্যা করো।

৩×৩=৯

৬। *যে-কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) "গাগরি বারি ঢারি করু পীছল চলতহি অঙ্গুলি চাপি।"—সরল বাংলায় চরণটির মর্মার্থ লেখো।

(খ) 'বঙ্গভাষা' কবিতায় কবির আত্ম-অনুশোচনার কারণ নির্দেশ করো।

(গ) "গাহি তাহাদেরি গান।"— কবি কাদের জয়গান করেছেন এবং কেন?

(ঘ) "পূব-পশ্চিম' কবিতাটিতে 'পূব' বলতে কী বোঝানো হয়েছে? 'পশ্চিম' শব্দের তাৎপর্য কী?

৭। উত্তর দাও ঃ

৪×২=৮

(ক) মূল্যবোধ শিক্ষা আমাদের কী প্রয়োজন সাধন করে? বিস্তারিত লেখো।

*অথবা*

যে-কোনো *দুটি* বিষয়ের ওপর আলোকপাত করো ঃ

সামাজিক মূল্যবোধ, নন্দনতাত্ত্বিক মূল্যবোধ, নৈতিক মূল্যবোধ।

(খ) কোন্ ধরনের শিক্ষাব্যবস্থা কৈশোরকালের উপযোগী? দৃষ্টান্ত সহকারে বর্ণনা করো।

*অথবা*

কৈশোর কালের মানসিক ও নৈতিক বিকাশের বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ

৪+৫=৯

(ক) "মাতৃ-ভাষা-রূপে খনি, পূর্ণ মণিজালে।"

*অথবা*

"আমাদের এক রবীন্দ্রনাথ এক নজরুল।
আমরা ভাষায় এক ভালোবাসায় এক মানবতায় এক
বিনা সুতোয় রাখীবন্ধনের কারিগর
আমরাই একে অন্যের হৃদয়ের অনুবাদ
মর্মের মধুকর, মঙ্গলের দূত
আমরাই চিরন্তন কুশলসাধক।।"

(খ) "গৌহাটির অপরূপ রূপ-মাধুর্য, লুইত নদীর মনোরম শোভা রিহা-মেখলার রূপে তার গায়ে বিরাজ করছে, তার গলায় পর্বতের সাতনরী হার, মাথায় ভুবনেশ্বরীর ধবল মুকুট, বুকের উপর উমানন্দ আর উর্বশী।"



*অথবা*

"...সূর্যকে ভক্ষ্য নিবেদন করিয়া লইয়া কুন্তীর পুনরায় অদৃশ্য হইয়া গেলো।"

৫+৫=১০

৯। সংক্ষেপে আলোচনা করো ঃ

(ক) "ইহাতে বুঝিনু তুমি দেবতা নিশ্চয়"—কে, কাকে এ কথা বলেছে? সে কীভাবে বুঝল যে উদ্দিষ্ট ব্যক্তি নিশ্চয় দেবতা?

*অথবা*

'কৃপণ' কবিতায় কৃপণ কে—ভিখারি না রাজ-ভিখারি? তোমার মন্তব্যের সপক্ষে যুক্তি দাও।

(খ) 'মন্ত্রের সাধন' প্রবন্ধটির নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা*

"আরে মশাই আমাদের ঘর কি আর মানুষের ঘর আছে, হাতীর ঘর হয়ে গেছে।" উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১×৪=৪

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) নিচের ***যে-কোনো চারটি*** প্রবাদ-প্রবচনের অর্থ লেখো ঃ

চোরা না শোনে ধর্মের কাহিনি, জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ, ডোবা দেখলেই ব্যাং লাফায়, মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত, যত গর্জে তত বর্ষে না, সস্তার তিন অবস্থা।

(খ) নিচের ***যে-কোনো চারটি*** বাগ্‌বিধির অর্থ ও বাক্যরচনা করো। ২×৪=৮

অগ্নিপরীক্ষা, একাই একশো, কলুর বলদ, ঘোড়ার ঘাস কাটা, পালের গোদা, হাড়হাভাতে।

(গ) নিচের ***যে-কোনো তিনটির*** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ ২×৩=৬

অবিশ্বাস, কলকারখানা, নীলকণ্ঠ, লালফুল, সপ্তাহ।

(ঘ) নিচের *যে-কোনো দুটি* শব্দের দুটি করে প্রতিশব্দ লেখো ঃ ১×২=২

অনুরাগ, আলো, পথ, নন্দিনী।

১১। *যে-কোনো একটি* বিষয়ে রচনা লেখো ঃ ১০

(ক) অসমের প্রাকৃতিক সম্পদ

(খ) তোমার প্রিয় লেখক

(গ) কোভিড-১৯

(ঘ) বিজ্ঞান ও কুসংস্কার

———×———



## GROUP-B

### ( For Old Course )

১। অর্থ লেখো ঃ ১+১=২

(ক) নবী *অথবা* গাঙুড়

(খ) ডিউক *অথবা* দুন্দুভি

২। অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) কোন্ গ্রন্থের জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পেয়েছিলেন?

(খ) বৌদ্ধদের ধর্মগ্রন্থের নাম কী?

(গ) 'বনলতা সেন' কাব্যগ্রন্থের কবি কে?

(ঘ) 'জারীগান' বলতে কী বোঝো?

(ঙ) "দুধ আমার বাপেরও নয়। দুধ ——, দুহিয়াছে প্রসন্ন।" (শূন্যস্থান পূর্ণ করো)

(চ) বনফুলের প্রকৃত নাম কী?

(ছ) কোন্ সালে রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ চুরাশি ধরনের মূল্যবোধের তালিকা তৈরি করেছিল?

(জ) 'Adolescence' শব্দটি কোথা থেকে এসেছে?

৩। টীকা লেখো ঃ ২+২=৪

(ক) মানুষের নারায়ণে *অথবা* জেন্দ-আবেস্তা

(খ) নেপোলিয়ন *অথবা* অম্বুবাচী

৪। *যে-কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ

৩×৩=৯

(ক) "তখন চক্ষু চাহিয়া ভাল করিয়া দেখিলাম যে, ওয়েলিংটন নহে। একটি ক্ষুদ্র মার্জার।" কে, কোন্ প্রসঙ্গে এ কথা বলেছেন? বক্তার পরিচয় দাও।

(খ) গুরুচরণের প্রতি হরিচরণ এবং তার স্ত্রীর মনোভাব কেমন ছিল? প্রসঙ্গপূর্বক আলোচনা করো।

(গ) চার্বাক কে? তিনি কী ধরনের প্রমাণ স্বীকার করেছেন?

(ঘ) 'মানুষের মন' গল্পে নরেশ ও পরেশের চেহারার বর্ণনা দাও।

৫। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

৩×২=৬

(ক) 'তোমার আসন হতে যেথায় তাদের দিলে ঠেলে'—কে, কাকে, কোথায় ঠেলে দিয়েছে? এর ফল কী হয়েছে?

(খ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি'— কবিতায় উল্লেখ আছে এমন *তিনটি* পাখির নাম লেখো।

(গ) 'জনম কালো, মরণ কালো, কালো ভুবনময়'—পঙ্‌ক্তিটির অর্থ প্রকাশ করো।

৬। ক-অংশ থেকে *একটি* এবং খ-অংশ থেকে *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

৪×২=৮

(ক) মূল্যবোধ শিক্ষা আমাদের জীবনে কতখানি প্রয়োজনীয় বলে তুমি মনে করো। যুক্তিসহ তোমার মতামত প্রকাশ করো।

*অথবা*

তোমার পাঠে উল্লিখিত *যে-কোনো দুটি* মূল্যবোধ সম্পর্কে আলোচনা করো।

(খ) শিশুবিকাশের ধারাকে রুশো ক'ভাগে ভাগ করেছেন? সেগুলি কী কী? কৈশোরকাল শিশুবিকাশের কোন স্তরের অন্তর্ভুক্ত?



*অথবা*

কৈশোরকালের *যে-কোনো দুটি* বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

৪+৫=৯

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ

(ক) "যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে,

পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে।"

*অথবা*

"কেন খুঁজে ফের' দেবতা ঠাকুর মৃত পুঁথি-কঙ্কালে?

হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে।"

(খ) "তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ—"

*অথবা*

"এ দেশের অতি উচ্চশিক্ষিত লোকের মধ্যে ফলিত জ্যোতিষ আর মাদুলি কবচে অগাধ বিশ্বাস দেখা যায়।"

৪+৫=৯

৮। উত্তর লেখো ঃ

(ক) 'বাংলার মুখ দেখিয়াছি' কবিতা অবলম্বনে বাংলার প্রাকৃতিক রূপের বর্ণনা দাও।

*অথবা*

'রূপাই' কবিতার সারমর্ম লেখো।

(খ) 'পরেশ' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা*

'মানুষের মন' গল্পটি অবলম্বনে বনফুল মানস-রহস্য প্রকাশে কতটা সফল হয়েছেন আলোচনা করো।

৯। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) সূত্র নির্দেশ করে ***যে-কোনো চারটির*** সন্ধি বিচ্ছেদ করো ঃ ১×৪=৪

অনূদিত, গৈরিক, ঢাকাই, দেবেন্দ্র, শশাঙ্ক, স্বেচ্ছা।

(খ) নিচের ***যে-কোনো তিনটির*** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ ২×৩=৬

উপভাষা, নাতিদীর্ঘ, বীণাপাণি, শতাব্দী, হিতাহিত।

(গ) নিচের ***যে-কোনো চারটির*** প্রত্যয় নির্ণয় করো ঃ ১×৪=৪

ক্ষুণ্ণ, জানানো, মাস্টারি, মিঠাই, রান্না, রূপসী।

(ঘ) নিচের ***যে-কোনো দুটি*** বাগ্‌বিধির অর্থ লিখে বাক্যরচনা করো ঃ ২×২=৪

অন্ধকারে ঢিল ছোড়া, কপালের লিখন, ঘা খাওয়া, মাকাল ফল।

(ঙ) নিচের ***যে-কোনো দুটি*** প্রবাদের অর্থ লেখো ঃ ১+১=২

ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে, পচা আদার ঝাল বেশি, শকুনির শাপে কি গরু মরে, সেয়ানে সেয়ানে কোলাকুলি।

১০। ***যে-কোনো একটি*** বিষয়ে রচনা লেখো ঃ ১৫

(ক) অসমের বন্যা

(খ) তোমার প্রিয় সাহিত্যিক



(গ) অতিমারি করোনা

(ঘ) যুবসমাজ ও অপ-সংস্কৃতি

১১। সারাংশ লেখো ঃ ১০

আমরা আরম্ভ করি, শেষ করি না; আড়ম্বর করি, কাজ করি না; বাহ্য অনুষ্ঠান করি, তাহা পালন করি না। আমরা অহংকার দেখিয়া পরিতৃপ্ত থাকি। যোগ্যতা লাভের চেষ্টা করি না। আমরা সকল কাজেই পরের প্রত্যাশা করি, অথচ পরের ত্রুটি লইয়া আকাশ বিদীর্ণ করিতে থাকি। পরের অনুকরণে আমাদের গর্ব, পরের অনুগ্রহে আমাদের সম্মান, পরের চক্ষে ধূলি নিক্ষেপ করিয়া আমাদের পলিটিক্স এবং নিজের বাক্‌চাতুর্যে নিজের প্রতি ভাববিহ্বল হইয়া উঠাই আমাদের জীবনের প্রধান উদ্দেশ্য। এই দুর্বল, ক্ষুদ্র, হৃদয়হীন, কর্মহীন, দাম্ভিক, তার্কিক জাতির প্রতি বিদ্যাসাগরের এক সুগভীর ধিক্কার ছিল। কারণ তিনি সর্ববিষয়েই ইহাদের বিপরীত ছিলেন। বৃহৎ বনস্পতি যেমন ক্ষুদ্র বনজঙ্গলের পরিবেষ্টন হইতে ক্রমেই শূন্য আকাশে মস্তক তুলিয়া উঠে, বিদ্যাসাগর সেই রূপ বয়োবৃদ্ধি সহকারে বঙ্গসমাজের সমস্ত এবং ক্ষুধিতকে ফলদান করিতেন। তিনি আমাদের শতসহস্র ক্ষণজীবী সভাসমিতির ঝিল্লি ঝংকার হইতে সম্পূর্ণ স্বতন্ত্র ছিলেন। দয়া নহে, বিদ্যা নহে— ঈশ্বরচন্দ্রের চরিত্রের গৌরব এবং তাঁর অজেয় পৌরুষ, তাঁর অক্ষয় মনুষ্যত্ব।

*অথবা*

মহাভারতের মধ্যে ঢুকেছেন কীট,
কেটেকুটে ফুঁড়েছেন এপিঠ ওপিঠ
পণ্ডিত খুলিয়া দেখি হস্ত হানে শিরে
বলে ওরে কূট, তুই এ কী করিলি রে।
তোর দন্তে শান দেয়, তোর পেট ভরে,
হেন খাদ্য কত আছে ধুলির উপরে,
কীট বলে হয়েছে কী, কেন এত রাগ,
এর মধ্যে ছিল কী বা, শুধু কালো দাগ!
আমি যেটা নাহি বুঝি সেটা জানি ছার,
আগাগোড়া কেটেকুটে করি ছারখার।

———×———